(১) বাংলা ভার্সন

## চতুর্থ অধ্যায়

## পরিদর্শকগণ

বিধি-৫৫। {নিম্নোক্ত কর্মকর্তাগণ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে নিয়োজিত অনুরূপ অন্যান্য কর্মকর্তাগণ পদাধিকার বলে কারাগারের পরিদর্শক হিসাবে দায়িত্ব পালন করবেন ঃ-

(১) স্বাস্থ্য মহাপরিচালক
(২) বিভাগীয় কমিশনার
(৩) জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
(৪) জেলা জজ
(৫) সিভিল সার্জন, এবং অধ্যক্ষ মেডিকেল কলেজ-চট্টগ্রাম পার্বত্য জেলার জন্য,
(৬) জেলা বিদ্যালয় পরিদর্শক।

নোট - বিদ্যালয় সমূহের পরিদর্শক পদাধিকার বলে ঢাকা কেন্দ্রীয় কারাগারের পরিদর্শক হবেন।

নং ৮১০ এইচ জে, তারিখ ১৮-৫-১৯৫৯ মূলে প্রতিস্থাপিত।

{পুনরাদেশ না দেয়া পর্যন্ত সরকার জেলা শিশু বিষয়ক কর্মকর্তাকে সংশ্লিষ্ট জেলার কারাগারের জন্যে পদাধিকার বলে পরিদর্শক নিয়োগ করেছেন। যে সকল জেলায় শিশু বিষয়ক কর্মকর্তা নেই সে সকল জেলায় উক্ত পদ সৃজন না হওয়া পর্যন্ত জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পরিদর্শক হিসেবে অন্তর্ভূক্ত থাকবেন।}

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং স্বঃমঃ ১ম-৯৬/৯৭-জেল-১/২৩২ তারিখ ৪-৬-২০০২ মূলে সংযোজিত।

বিধি-৫৬। (১) দুই জন সংসদ সদস্যকে তাদের সংসদীয় আসনে বা তারা সাধারণত যে জেলায় বসবাস করেন সে জেলার প্রতিটি কেন্দ্রীয় বা জেলা কারাগারের বেসরকারী কারা পরিদর্শক নিয়োগ করা হবে। যদি সদস্য সংখ্যা অনুরূপ সংখ্যার চেয়ে বেশী হয় তবে সুবিধাজনক মেয়াদে পর্যায়ক্রমে তাদের নিয়োগ করা হবে। বিভাগীয় কমিশনারগণ উক্ত নিয়োগ প্রদান করবেন এবং তা গেজেটে প্রকাশিত হবে। যদি কোন সংসদ সদস্যের সদস্যপদ অবসান হয়ে যায় তবে বেসরকারী পরিদর্শক পদও অবসান হবে।

(২) বন্দীদের কল্যাণ এবং বেসরকারী কারা পরিদর্শকের দায়িত্ব পালনে আগ্রহী এমন অন্যান্য ভদ্রলোক ও ভদ্র মহিলাগণকেও বিভাগীয় কমিশনারগণ গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে বেসরকারী কারা পরিদর্শক নিয়োগ করতে পারবেন। তবে শর্ত থাকে যে,কেন্দ্রীয় কারাগারের জন্যে ভদ্রলোকের সংখ্যা {আট} জন এবং ভদ্র মহিলার সংখ্যা চারজন পর্যন্ত, জেলা কারাগারের জন্যে ভদ্র লোকের সংখ্যা{পাঁচ} জন এবং ভদ্র মহিলার সংখ্যা দুইজন পর্যন্ত সীমাবদ্ধ থাকবে। তাদেরকে দুই বছরের জন্য নিয়োগ করা হবে এবং বিধি ৫৭ অনুযায়ী নিয়োগ বাতিল না হলে অনুরূপ মেয়াদ শেষে যতদিন তাদের সামর্থ্য থাকে এবং তারা উক্ত পদে কাজ করতে আগ্রহী থাকেন, ততদিন পর্যন্ত পুন:নিয়োগের যোগ্য হবেন।

(৩) অকার্যকর।

টীকা-১। নং ৪৬১৮ এইচ.জে.তারিখ ১৪-১২-১৯৩৭ মূলে সংশোধিত।

টীকা-২। নং ৩৪৪/১ এইচ.জে. তারিখ ৫-৩-১৯৫৭ মূলে প্রতিস্থাপিত।

টীকা-৩। নং ১৮৮ এইচ.জে. তারিখ ১৩-২-১৯৫৯ মূলে নং ৩৪৪/১ এইচ.জে. তারিখ ৫-৩-১৯৫৭ বাতিল।

বিধি-৫৭। একজন বেসরকারী কারা পরিদর্শকের নিয়োগ বাতিল হয়ে যাবে যদি তিনি অবিরাম তিন মাস কারাগার পরিদর্শন না করেন কিংবা পরিদর্শক বোর্ডের পর পর দুইটি ত্রৈমাসিক বৈঠকে অনুপস্থিত থাকেন কিংবা অন্য কোন যুক্তি সঙ্গত কারণ থাকে।

বিধি-৫৮। স্থানীয় কর্মস্থলে বসবাসকারী সরকারী পরিদর্শকগণ এবং বেসরকারী পরিদর্শকগণ সমন্বয়ে একটি বোর্ড গঠিত হবে, জেলা ম্যাজিস্ট্রেট পদাধিকার বলে উক্ত বোর্ডের চেয়ারম্যান হবেন। বোর্ডের চেয়ারম্যান সরকারী এবং বেসরকারী পরিদর্শকগণের সাপ্তাহিক পরিদর্শন রোষ্টার তৈরী করবেন এবং পরবর্তী সপ্তাহে যে পরিদর্শকের পরিদর্শন নির্ধারিত রয়েছে তা তাকে পত্রের মাধ্যমে জানাবেন। বোর্ড প্রতি তিন মাসে একটি বৈঠকে মিলিত হবেন। বোর্ড কারাগারে মিলিত হবেন, সকল ভবন এবং বন্দীদেরকে পরিদর্শন করবেন, বন্দীদের অভিযোগ এবং আবেদন শুনবেন, খাবার পরিদর্শন করবেন, সেগুলো মান সম্মত কিনা যাচাই করবেন এবং শাস্তি বই দেখবেন এবং তা হালনাগাদ করা আছে কিনা নিশ্চিত হবেন। পরিদর্শন শেষ হলে কারাগার ত্যাগ করার পূর্বে বোর্ড পরিদর্শকদের মিনিট বইতে ত্রৈমাসিক সভার কার্য বিবরণী লিপিবদ্ধ করবেন। জেল সুপার বোর্ডের কার্য বিবরণীর উপর তার মন্তব্য লিপিবদ্ধ করে কারা